**২০১৩ সালের কৈলাস-মানসসরোবর যাত্রার ২-১০ পর্যায়ের যাত্রীদের যাত্রা কেন্দ্রীয় সরকার বাতিল করলো**

উত্তরাখন্ডে একটানা বৃষ্টি ও বন্যার দরূণ কৈলাস-মানস সরোবর যাত্রার পথ ভয়ংকরভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এই পথেই মন্ত্রক যাত্রার ব্যবস্থা করে থাকেন। আলমোরা এবং তাওয়াঘাটের মধ্যেকার সড়কের বহু স্থান ভেসে গিয়েছে। তাওয়াঘাটের পরের পথচলা রাস্তার বহু জায়গায় ধ্বস নেমে ক্ষতিগ্রস্ত হয়েছে। রাজ্য এবং স্থানীয় প্রশাসনের মতে একমাসেরও বেশি সময় লাগবে ঐ রাস্তার মেরামতি সম্পূর্ণ করতে। বিদেশমন্ত্রক যাত্রীদের নিরাপত্তা ও সুরক্ষাকে সর্বাধিক গুরূত্ব দেয় বলে **২-১০** সংখ্যার পর্যায়ের যাত্রীদের এই বছরের কৈলাস মানস সরোবর যাত্রা বাতিল করেছে।

২. যেসকল যাত্রী এই বিষয়ে অতিরিকত তথ্য জানতে আগ্রহী,তাঁরা অনুগ্রহ করে মন্ত্রকের ই-মেলে sochina@mea.gov.in অথবা এই টেলিফোন নম্বরে যোগাযোগ করতে পারেন-- **২৩০১৪৯০০**

**নয়াদিল্লি**

**জুন ২১,২০১৩**